

(প্রেস বিজ্ঞপ্তি)

৯ আগস্ট ২০২২ খ্রি.

জাতির পিতার প্রতিকৃতিতে ফুলেল শ্রদ্ধা নিবেদনকালে চসিক মেয়র রেজাউল করিম চৌধুরী
প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার আস্থা ও বিশ্বাসের মর্যাদা রক্ষায় সর্বদা সচেষ্ট থাকবো

ধানমন্ডির বত্রিশ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুলেল শ্রদ্ধা নিবেদন করলেন বাংলাদেশ সরকারের সদ্য প্রতিনিধিত্ব পদমর্যাদা প্রাপ্ত চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের জ্যেষ্ঠ যুগ্ম সাধারণ সম্পাদক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। আজ মঙ্গলবার সকালে চসিক মেয়র রেজাউল করিম চৌধুরী ও চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি এডভোকেট ইব্রাহিম হোসেন চৌধুরী বাবুল, আলহাজ্ব খোরশেদ আলম সুজন, সিডিএ চেয়ারম্যান এম. জহিরুল আলম দোভাষ, আলহাজ্ব আলতাফ হোসেন চৌধুরী বাচ্চু, যুগ্ম সাধারণ সম্পাদক আলহাজ্ব বদিউল আলম, কোষাধ্যক্ষ ও চউকের সাবেক চেয়ারম্যান আবদুচ ছালাম ধানমন্ডির বত্রিশ নম্বরে উপস্থিত হয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুলেল শ্রদ্ধা নিবেদন করেন।

শ্রদ্ধা নিবেদনকালে মেয়র বলেন, চট্টগ্রামের মানুষের দীর্ঘদিনের আক্ষেপ ছিল। আজ তা ঘুছিয়ে দিয়েছেন জননেত্রী বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এজন্য আমি প্রধানমন্ত্রীর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একই সাথে জাতির পিতা বঙ্গবন্ধুসহ ৭৫'র ১৫ আগষ্ট কালরাত্রিতে ঘাতকের নগ্ন হামলায় শাহাদাতবরণকারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবসহ পরিবারের সকল শহীদদের জানাই বিনম্র শ্রদ্ধা।

মেয়র রেজাউল করিম চৌধুরী তাঁর অভিব্যক্তি ব্যক্ত করতে গিয়ে আরো বলেন, চট্টগ্রাম দেশের দ্বিতীয় বৃহত্তম নগরী, বাণিজ্যিক রাজধানী এবং দেশের অর্থনীতির স্বর্ণদ্বার। এ নগরীতে বাস করেন প্রায় এক কোটি মানুষ। আমার রাজনৈতিক সংগঠন আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ উর্দ্ধতন নেতৃবৃন্দ আমাকে চসিক নির্বাচনে মেয়র পদে মনোনয়ন দিয়েছেন এবং দলের নেতাকর্মীদের অক্লান্ত পরিশ্রম, স্বাধীনতার স্বপ্নের সকল রাজনৈতিক ও সামাজিক সংগঠনের অকুণ্ঠ সমর্থন ও নগরবাসীর প্রতক্ষ্য ভোটে আমাকে তাঁরা মেয়র নির্বাচিত করেন। তিনি আরো বলেন, আমি ছাত্রাবস্থা থেকে অদ্যাবধি আমার দীর্ঘ রাজনৈতিক জীবনে এবং মেয়র পদে দায়িত্ব পালন করতে গিয়ে নৈতিকতার প্রশ্নে কখনোই আপোষ করিনি। দেশের প্রয়োজনে মুক্তি সংগ্রাম ও মহান মুক্তিযুদ্ধে সম্মুখ সমরে প্রাণপন লড়াই করেছি। তাই আমি মনে করি, নেত্রী আমার উপর আস্থা রেখেছেন এবং প্রতিনিধিত্বের মর্যাদা ফিরিয়ে দিয়ে আমার মাধ্যমে চট্টগ্রামবাসীকে তাদের যোগ্য মর্যাদা দিয়েছেন। এ জন্য চট্টগ্রামবাসী ও আমার ব্যক্তিগত পক্ষ থেকে প্রধানমন্ত্রী ও মন্ত্রী পরিষদের সদস্যদের প্রতি আবারও কৃতজ্ঞতা জানাচ্ছি এবং আমার উপর নেত্রীর বিশ্বাস ও আস্থার মর্যাদা রাখতে চট্টগ্রামের সকল শ্রেণি পেশার মানুষকে নিয়ে নিষ্ঠার সাথে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করছি। বিশ্বমানের স্মার্ট মহানগরী গঠনে ইতিমধ্যে অনেকগুলো সমন্বিত পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। আরো অনেক পরিকল্পনা আমরা গ্রহণ করব এবং বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাব ইনশাআল্লাহ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮-২৪-৪৭৭৬৯৩